

## সম্পাদকীয় / Editorial

কয়েকদিন আগেও আকাশপথ ছিল ঘন মেঘে আচ্ছন্ন আর তার সাথে অশ্রান্ত বারিপাত। হঠাৎ সেই কাজলকালো আচ্ছাদন ভেঙে বেরিয়ে এল জ্যোতির্ময় আলোকরেখা। গ্রামবাংলার পথেঘাটে শ্বেত-শুভ্র কাশফুলের গুচ্ছ বাতাসে মাথা দুলিয়ে জানিয়ে দিল যে চিন্ময়ী মায়ের মূন্ময়ী রূপে ধরাতলে অবতরণের দিন সমাগত। প্রভাত মলয়ে টুপটাপ ঝরে পড়া শিউলি ফুল মনে করিয়ে দিল যে পূজা আসছে।

প্রতি বছরের ন্যায় এ-বছরও আমাদের আশ্রম প্রাঙ্গণে শ্রীশ্রীমায়ের তত্ত্বাবধানে আয়োজিত হবে নবরাত্রি উৎসব। সকল গুরুভাইবোন ভক্তিবিন্দু চিন্তে মাতৃপদতলে অঞ্জলি দিয়ে তাঁর বর ও অভয় প্রার্থনা করব, এই বিঘ্নসঙ্কুল যুগে সুচিশুদ্ধ জীবনের উদ্দেশ্যে। ধূপ-দীপ ও পুষ্পগন্ধে আশ্রম প্রাঙ্গণ হবে আমোদিত।

শারদীয়া হিরণ্যগর্ভের এই সংখ্যাটিতে শ্রীশ্রীমা সবিস্তারে বিধৃত করেছেন গোলোক-নিবাসী, পুরুষোত্তম কৃষ্ণের বামাদ্ধসভূতা, শ্রীশ্রী রাধিকার অন্তরঙ্গ সহচরী কলিমল-হারিণী “দক্ষিণা” যমুনাদেবীর বৃত্তান্ত। শ্রীশ্রীমায়ের লেখনী মাধ্যমে আমরা সেই পরমপুণ্যবতী, পরমানন্দরাপিণী, সর্বলোকপূজিতা দেবীর চরণে সশ্রদ্ধ প্রণাম নিবেদন করি।

হিরণ্যগর্ভের এই শারদীয়া সংখ্যাটি প্রকাশের কয়েক মাস পূর্বে হিমালয়ের কোলে কেদারখণ্ডে প্রকৃতির যে রূদ্ররূপ আমরা ভয়বিম্বিত নেত্রে প্রত্যক্ষ করেছি, তার মধ্যে বিশেষ লক্ষণীয় এই যে সদা-জাগ্রত, পরম-মঙ্গলময় সদাশিব চতুর্দিকের ধ্বংসলীলার মধ্যেও স্বীয় জ্যোতির্লিঙ্গকে কী অলৌকিক, অত্যাশ্চর্য ভাবে রক্ষা করেছেন! এটির একটি গুঢ় তাৎপর্য আছে। ইহাই পুনর্বার প্রমাণিত হ'ল যে চতুর্পার্শ্ব পঙ্কিলতা থেকে সর্বশক্তিমান ঈশ্বর সনাতন ধর্মের দীপশিখাটিকে সততঃ প্রোজ্জ্বল রাখেন।

সনাতন ধর্মের সেই পবিত্র শুদ্ধ ভাবধারাকে অবলম্বন করে, শ্রীশ্রীগুরুমহারাজগণের আশীর্বাদ আশ্রয় করে, আমাদের ঈজিত পথে যেন আমরা আরও অগ্রসর হতে পারি—শ্রীশ্রীমায়ের চরণকমলে এই পুণ্যলগ্নে ইহাই আমাদের বিনীত প্রার্থনা।



The sky was overshadowed with dark, ominous clouds even a few days back, accompanied by torrential rain. Suddenly, as if by the touch of a magic wand, the cloud bifurcated, allowing streams of golden sunlight to touch down on Mother Earth, proclaiming, as it were, the advent of Mother Goddess in her earthly abode. “Kash” flowers started flaunting their cottony plumes in swaying breeze while “shiuli” flowers got released from their tender stalks in early morning breeze to decorate the ground down under. Puja is knocking on the doorstep !

Like every year, we are gearing up to celebrate Navaratri festival at our Ashram premises under the guidance of Sree Sree Maa. Aroma of incense and heady fragrance of flowers would hang heavy in the air as we, the Gurubhais and Gurubons, would offer our homage with piety and verve.

In this edition of Hiranyagarbha, Sree Sree Maa has expounded in detail the spiritual sublimity of Jamuna Mata, the heavenly stream of Goloka, who emerged as “Dakshina” from the left dimensions of Lord Krishna, plays the eternal role of Sree Sree Radharani’s consort and blesses all realms of the lokas by Her holy nectar. We offer our homage to Her lotus feet.

The devastating event that preceded the publication of this edition was the unprecedented natural calamity in the Kedarkhanda of the Himalayas during the last rainy season that was triggered by incessant rain, avalanche and inundation, claiming thousands of lives. What was most remarkable and astonishing, though, was the unbelievable way in which Lord Shiva, in His boundless grace, protected His own Jyothirlingam at Kedar, amidst ruins all around, thus proving, for the umpteenth time, His priority in protecting Sanatan Dharma over all surrounding evils and petty degradation.

Come, let us all feel rejuvenated by His holy grace and beseech the blessings of our Gurumaharajas and our Sadguru Sree Sree Maa to lead us towards our holy goal, beholding the lofty ideals of Sanatan Dharma.